

## মির্জাগঞ্জে উপবৃত্তির টাকা বিতরণে অনিয়ম!

শিক্ষার্থীদের কাছ থেকে উৎকোচ নেয়ার অভিযোগ

■ মির্জাগঞ্জ (পটুয়াখালী) প্রতিনিধি

মির্জাগঞ্জ উপজেলার পূর্ব নতুন গ্রীনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে উৎকোচের বিনিময়ে উপবৃত্তির টাকা বিতরণের অভিযোগ পাওয়া গেছে।

জানা যায়, গত শনিবার ঐ বিদ্যালয়ের ৪২ জন শিক্ষার্থীর মাঝে গত ৬ মাসের উপবৃত্তির টাকা বিতরণ করা হয়। এ সময়ে বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোসা. শাহনাজ পারভীন ও ব্যাংক কর্মকর্তা মো. আনসার আলীর যোগসাজশে প্রতি শিক্ষার্থীর কাছ থেকে তারা ১০০ টাকা হারে উৎকোচ গ্রহণ করেন। এতে শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়। উপকারভোগী শিক্ষার্থী অভিভাবকদের মধ্যে মোঃ মনির খান, মোঃ বজলু সিকদার, শামিম মল্লিক, আজহার খান জানান, আমরা বিগত ৬ মাসের ছয়শ' টাকা পাওয়ার কথা থাকলেও আমাদেরকে দিয়েছে পাঁচশ' টাকা।

ব্যাংকটির উপায়ন ও অফিস খরচ বাবদ প্রতিবারই তারা টাকা কেটে রাখেন। এ ব্যাপারে বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোসা. শাহনাজ পারভীনের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, উপবৃত্তি অফিসারদের আপ্যায়ন খরচ বাবদ কিছু টাকা রাখা হয়েছে। বিদ্যালয় পরিচালনা পরিষদের সভাপতি মোঃ মাসুদ রানা এ ঘটনার সত্যতা স্বীকার করে জানান, প্রধান শিক্ষককে এ বিষয়ে অনেক বকাবকি করেছি। তিনি উপকারভোগীদের কাছ থেকে টাকা গ্রহণ করে কাজটি ঠিক করেননি। সুবিদখালী অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপক মোঃ দেলোয়ার হোসেন জানান, আসলে বিষয়টি দুঃখজনক। এ ব্যাপারে ব্যাংকের কোন কর্মকর্তা জড়িত প্রমাণিত হলে তার বিরুদ্ধে অবশ্যই ব্যবস্থা গ্রহণ করা হবে। উপজেলা শিক্ষা অফিসার সুমেন্দ্র হালদার বলেন, বিষয়টি তদন্ত করে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।